# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৪৩৭

পর্ব - ১৬ঃ বিবিধ প্রসঙ্গ (كتاب الجامع)

পরিচ্ছেদঃ ১. আদব

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ ـ رضي الله عنه ـ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: «حَقُّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ سِتٌّ: إِذَا لَقِيتَهُ فَسَلِّمْ عَلَيْهِ, وَإِذَا دَعَاكَ فَأَجِبْهُ, وَإِذَا اسْتَنْصَحَكَ فَانْصَحْهُ, وَإِذَا عَطَسَ فَحَمِدَ اللَّهَ فَسَمِّتْهُ وَإِذَا مَرِضَ فَعُدْهُ, وَإِذَا مَاتَ فَاتْبَعْهُ». رَوَاهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (2162) (5)، و «التسميت» بالسين المهملة، وأيضا بالمعجمة لغتان مشهورتان، وهو أن يقول للعاطس: يرحمك الله. يعني: بعد قول العاطس: الحمد لله

বাংলা

১৪৩৭। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: এক মুসলিমের উপর অন্য মুসলিমের ৬টি হাক্ক রয়েছে- ১. কারো সাথে সাক্ষাৎ হলে সালাম দেবে; ২, আমন্ত্রণ করলে তা কুবুল করবে; ৩, পরামর্শ চাইলে সৎ পরামর্শ দেবে; ৪. হাঁচি দিয়ে আল-হামদু লিল্লাহ পড়লে তার জবাব দেবে (ইয়ারহামুকাল্লাহ বলবে)।[1] ৫. পীড়িত হলে তার কাছে গিয়ে তার খবরাখরব নেবে; ৬. সে ইন্তিকাল করলে তার জানাযা সালাতে অংশগ্রহণ করবে।[2]

## English

Abu Hurairah (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said:
“A Muslim has six duties towards other Muslims: When you meet him, you

should salute him; when he invites you, accept his invitation; when he asks for your advice, give it to him; when he sneezes and praises Allah, say May Allah have mercy on you; when he is ill, visit him; and when he dies follow his funeral.” Related by Muslim.

## ফুটনোট

[1] التسميت শব্দের অর্থ : হাঁচিদাতার হাঁচির উত্তরে يرحمك الله (আল্লাহ তোমার উপর রহমাত বর্ষণ করুক) বলা। অর্থাৎ হাঁচি দাতা আলহামদুলিল্লাহ বলার পর ইয়ারহামুকাল্লাহ বলা।

[2] মুসলিম ২১৬২, বুখারী ১২৪০, তিরমিযী ২৭৩৭, নাসায়ী ১৯৩৮, আবূ দাউদ ৫০৩০, ইবনু মাজাহ ১৪৩৫, আহমাদ ২৭১৫৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71248

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন